



বীমা কোম্পানিসমূহের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন, ২০২৫

১৯-২০ সেপ্টেম্বর ২০২৫

বাংলাদেশে কার্যরত বীমা কোম্পানিসমূহের মানিলভারিং ও সম্ভ্রাসে অর্থায়ন প্রতিরোধে দায়িত্বশীল ভূমিকা পালন ও সার্বিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর উদ্যোগে ১৯-২০ সেপ্টেম্বর, ২০২৫ দুই দিনব্যাপী বীমা কোম্পানিসমূহের প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন, ২০২৫ অনুষ্ঠিত হয়। লং বিচ হোটেল, কক্সবাজারে আয়োজিত উক্ত সম্মেলনে বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইস্যুরেন্স এসোসিয়েশন, বাংলাদেশ ইস্যুরেন্স ফোরাম, বীমা কোম্পানিসমূহের মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের সংগঠন ICCAB এর প্রতিনিধিগণ এবং বীমা কোম্পানিসমূহের মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাগণ অংশ নেন।



সম্মেলনের প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ ব্যাংক এর গভর্নর জনাব আহসান এইচ. মনসুর তাঁর বক্তব্যের শুরুতে অংশগ্রহণকারীদের স্বাগত জানিয়ে বাংলাদেশের আর্থিক বাজারের চারটি স্তম্ভ হিসেবে মানি মার্কেট, স্টক মার্কেট, বন্ড মার্কেট এবং বীমা বাজার এর কথা তুলে ধরেন। তিনি দীর্ঘমেয়াদি অর্থায়নের জন্য ব্যাংক খাতের ওপর অতিরিক্ত নির্ভরশীলতার ঝুঁকি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। বীমা খাতের উন্নয়নকে তিনি টেকসই আর্থিক প্রবৃদ্ধির জন্য অপরিহার্য বলে উল্লেখ করেন। তবে প্রধান প্রতিবন্ধকতা হিসেবে তিনি জনগণের আস্থার অভাব এবং বাধ্যতামূলক বীমা স্কিমের (যেমন স্বাস্থ্য, গাড়ি বা কারখানার বীমা) অনুপস্থিতিকে চিহ্নিত করেন। এ সমস্যার সমাধানের জন্য তিনি বীমা কোম্পানীর প্রতি আস্থা ও বিশ্বাস গড়ে তোলা, কঠোর নিয়ন্ত্রক তদারকি, একীভূতকরণ/লিকুইডেশন/পুনর্গঠন, টেকসই প্রিমিয়াম নির্ধারণ এবং বীমা কোম্পানির বিনিয়োগ নীতির পুনর্মূল্যায়নকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান। তিনি আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে সর্বোচ্চ ব্যবস্থাপনা পরিষদকে সম্পৃক্ত করে ও



মানিলভারিং প্রতিরোধে বিএফআইইউ এর নির্দেশনা পরিপালনে সচেষ্ট হওয়ার জন্য বীমা কোম্পানিসমূহের প্রধান নির্বাহী ও মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের আহ্বান জানান।



সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন হেড অব বিএফআইইউ (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মফিজুর রহমান খান চৌধুরী। সম্মেলনের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর সদস্য জনাব মোঃ ফজলুল হক। এছাড়া, প্যানেল আলোচনায় বক্তব্য/প্রেজেন্টেশন উপস্থাপন করেন বিএফআইইউ ও বাংলাদেশ ব্যাংকের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং বীমা প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ। প্যানেল আলোচনায় বিএফআইইউ এর পরিচালক জনাব মোঃ মোস্তাকুর রহমান Bancassurance এর ইতিবাচক ও নেতিবাচক উভয় দিক তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে এটি Beneficial Ownership সম্পর্কে স্বচ্ছতা বৃদ্ধি, অর্থের গতিপ্রবাহ সহজে অনুসরণ এবং বন্টনকে কাঠামোবদ্ধ করে। তবে আস্থার ঘাটতি এখনো একটি বড় চ্যালেঞ্জ হিসেবে রয়ে গেছে। এসব বাধা দূর করতে তিনি শক্তিশালী কমপ্লায়েন্স সচেতনতা কর্মসূচির প্রয়োজনীয়তার ওপর জোর দেন। সম্মেলনে Keynote প্রেজেন্টেশন উপস্থাপন করেন বিএফআইইউ এর অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মশিউর রহমান।



সম্মেলনে বীমা খাতে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে কঠোর আইন পরিপালন, ঝুঁকিভিত্তিক তদারকি এবং প্রযুক্তিনির্ভর সমাধানের গুরুত্ব তুলে ধরা হয়। গ্রাহক যাচাই প্রক্রিয়ায় e-KYC, সন্দেহজনক লেনদেন শনাক্ত ও রিপোর্টিং, স্বয়ংক্রিয় কমপ্লায়েন্স ব্যবস্থা এবং হুইসেলব্লোয়িং মেকানিজম চালুর ওপর জোর দেওয়া হয়। এছাড়া দক্ষ জনবল গড়ে তোলা, প্রশিক্ষণ কর্মসূচি, এজেন্ট ও মধ্যস্থতাকারীদের কঠোর তদারকি, কর্পোরেট গভর্ন্যান্স নীতি বাস্তবায়ন এবং আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সামঞ্জস্য রেখে বীমা খাতকে আরও স্বচ্ছ ও জবাবদিহিমূলক করার আহ্বান জানানো হয়।